

## চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

### CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং- ৪৭/২০১৬

তারিখঃ ১১/০৮/২০১৬খ্রিঃ

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, পরিচালক (নিরাপত্তা)'র দপ্তর স্মারক নং-পরিনিদ/সা/বিবিধ/৭/১/১৩৫৭, তারিখঃ ০৮/০৮/২০১৬ খ্রিঃ সম্মানিত সদস্য/ সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হল।

স্বাক্ষরিত/-  
মোহাম্মদ মুছা  
সচিব

### চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

পরিচালক (নিরাপত্তা)'র দপ্তর

নথি নং-পরিনিদ/সা/বিবিধ/৭/১/১৩৫৭

তারিখঃ ০৮/০৮/২০১৬

বিষয় : বন্দর অভ্যন্তরে পরিচয়পত্র বহন ও দৃশ্যমান রাখা প্রসঙ্গে।

১। সম্প্রতি ঘটে যাওয়া বর্বরোচিত সন্ত্রাসী হামলার ঘটনার প্রেক্ষিতে দেশের আইন শৃঙ্খলা পরিস্থিতি বিবেচনায় বন্দর অভ্যন্তরে সার্বিক নিরাপত্তা জোরদার করা হয়েছে। এতদপ্রেক্ষিতে বন্দরে প্রবেশকারী/চলাচলকারী সকল সদস্যদের ও যানবাহনের পরিচয় নিশ্চিত করা এবং এ প্রসঙ্গে অহেতুক অপ্রীতিকর পরিস্থিতি এড়াতে নিম্নবর্ণিত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করার জন্য সকলকে অনুরোধ করা হলোঃ

ক) বন্দরে প্রবেশের সময় ও বন্দর অভ্যন্তরে চলাচলের সময় প্রবেশকারী/চলাচলকারী সকল সদস্যগণ পরিচয়পত্র দৃশ্যমান অবস্থায় বহন করবে।

খ) নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত সদস্যের নিকট সকলে নিজ পরিচয় প্রকাশ ও প্রয়োজনবোধে তার প্রমানস্বরূপ স্বপ্রোনোদিতভাবে বৈধ পরিচয়পত্র দেখাবে।

গ) নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত নির্ধারিত ব্যক্তিবর্গের স্ব-স্ব দায়িত্ব সঠিকভাবে পালনের ক্ষেত্রে সকলকে ধৈর্য সহকারে, ইতিবাচক এবং সহযোগিতার মনোভাব নিয়ে এগিয়ে আসতে হবে।

২। সার্বিক প্রেক্ষাপটে উল্লেখ্য যে, বৈদেশিক ভ্রমণ/মিশনে থাকাকালীন সকলে স্ব স্ব বৈধ পরিচয়পত্র সকল ক্ষেত্রে বহন করে থাকি এবং তা অগ্রতৎপরতার (Proactively) সাথে কর্তব্যরত নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত ব্যক্তিবর্গদের নিকট প্রদর্শনে ইতিবাচক মনোভাব ও ধৈর্যের পরিচয় দেই। অথচ নিজ দেশে অনুরূপ আচরণের ক্ষেত্রে কখনও কখনও অসহিষ্ণুতার পরিচয় দিয়ে থাকি। এমনকি অনেকে নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত ব্যক্তি বর্গের সাথে অহেতুক বাকবিতণ্ডায় জড়ানোর প্রেক্ষিতে একটি অস্বস্তিকর পরিস্থিতি সৃষ্টি হয়ে থাকে। বর্তমান বাস্তব সময়ের চাহিদার প্রেক্ষাপটে সকলকে বিষয়টির অনুধাবন ও তদনুযায়ী শুদ্ধাচার প্রয়োজন।

৩। সকল ক্ষেত্রে প্রাতিষ্ঠানিক কোন বৈধ পরিচয়পত্র যুক্তি সংগত কারণে না থাকলে বন্দরের অস্থায়ী একদিনের পাশসহ, ব্যক্তি তার জাতীয় পরিচয় পত্র ব্যবহার করবে।

৪। শুধুমাত্র যানবাহনের জন্য প্রয়োজ্য। বন্দরের নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে সরকারী নির্দেশনা মোতাবেক বন্দর অভ্যন্তরে কালো গ্লাস ব্যবহৃত কোন যানবাহন প্রবেশ না করার জন্য অনুরোধ করা হলো।

৫। বিষয়টি আপনাদের অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো।

স্বাক্ষরিত/-  
উপ-পরিচালক (নিরাপত্তা)/অপাঃ  
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ